

প্রাথমিকের বৃত্তিতে বেসরকারি স্কুলের শিক্ষার্থীকেও অন্তর্ভুক্তির দাবি

নিম্নর প্রতিবেদক

২৪ জুলাই ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক **আমাদেরসময়**

সরকারি প্রাথমিক বৃত্তি পরীক্ষা কিভারগাটেনের পথওম শ্রেণির শিক্ষার্থীদের অন্তর্ভুক্তির দাবিতে গাইবান্ধায় মানববন্ধন হয়েছে। গতকাল বুধবার দুপুরে কিভারগাটেন এক্য পরিষদ গাইবান্ধা জেলা শাখার উদ্যোগে শহরের গানাসাস মার্কেটের সামনে এ মানববন্ধন হয়। মানববন্ধনে বক্তব্য দেন সংগঠনের জেলা সভাপতি মো. আবেদ আলী, সাধারণ সম্পাদক মকবুল হোসেনসহ অনেকেই।

বক্তারা বলেন, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কিভারগাটেনের শিক্ষার্থীদের ওপর বৈষম্য করছে। গত ১৭ জুলাই এক পরিপত্রে কিভারগাটেন ও সমমনা স্কুলের পথওম শ্রেণির শিক্ষার্থীদের বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ বাতিল করা হয়। তারা পরিপত্রটি প্রত্যাহার ও বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণে সুযোগ দেওয়ার দাবি জানান।